

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৩৩(আগরতলা-১২।০১)

ধর্মনগর, ১২ জানুয়ারী, ২০১৮

প্রত্যেকরায় পৌষমেলা ও সংহতি
উৎসব ১৪ জানুয়ারী

প্রতি বছরের ন্যায় এবছরও প্রত্যেকরায় পৌষমেলা ও সংহতি উৎসব আগামী ১৪ জানুয়ারী কালীছড়া ব্লকের প্রত্যেকরায় পঞ্চায়েতের প্রত্যেকরায় বড় আখড়া প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। চার দিন ব্যাপী আয়োজিত এই মেলা ও সংহতি উৎসব আগামী ১৭ জানুয়ারী শেষ হবে। এই মেলা ও সংহতি উৎসবের আয়োজক প্রত্যেকরায় বড় আখড়া পরিচালন কমিটি, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কালীছড়া ব্লক প্রশাসন। ১৪ জানুয়ারী বিকালে পৌষমেলা ও সংহতি উৎসবের উদ্বোধন করবেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক মহঃ ফয়জুর রহমান। চারদিনের মেলায় কদমতলা কৃষি মহকুমার উদ্যোগে আয়োজিত হবে কৃষি মহকুমা ভিত্তিক সজ্জী প্রদর্শনী। এছাড়া, প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় মানুষকে সচেতন করে তোলতে মহড়া দেয়া হবে। থাকবে কবি সম্মেলন, সেমিনার, চিরাচরিত ঐতিহ্যবাহী বিভিন্ন জাতি গোষ্ঠীর সাংস্কৃতিক অনুষ্ঠান। মেলায় বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে উন্নয়ন প্রদর্শনী মন্ডপ খোলা হবে। থাকবে স্ব-সহায়ক দলগুলির ষ্টলও।
